

## পরীক্ষা

### কারিগরি শিক্ষা বোর্ড: পাসের হার ৭৩ দশমিক ৬৩

মো. রাশেদুল আলম

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ১৫: ৩০



X

কারিগরি শিক্ষা বোর্ড ছবি: সংগৃহীত

কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল বাংলাদেশ কারিগরি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

কারিগরি শিক্ষা বোর্ডে এবার পরীক্ষা দিয়েছিল ১ লাখ ৩৮ হাজার ২০৪ জন। এর মধ্যে পাস করেছে ১ লাখ ১ হাজার ৭৫৭ জন। পাসের হার ৭৩ দশমিক ৬৩। জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৯৪৮ জন।

এবার ছেলে পরীক্ষার্থী ছিল ১ লাখ ৪ হাজার ৮৯২ জন। এর মধ্যে পাস করেছে ৭৪ হাজার ৫৬৯ জন। পাস হার ৭১ দশমিক ০৩। জিপিএ ৫ পেয়েছে ২ হাজার ১৯১ জন। মেয়ে পরীক্ষার্থী ছিল ৩৩ হাজার ৩১২ জন। এর মধ্যে পাস

করেছে ২৭ হাজার ১৮৮ জন। পাস হার ৮১ দশমিক ৬২। জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৬৫৭ জন।

এবার ২ হাজার ৯০৯টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ৬৯৯টি কেন্দ্রে পরীক্ষা দেয়।

